নিউমার্কেটে শিক্ষার্থী ব্যবসায়ী সংঘর্ষ : বিএনপি নেতা মকবুল গ্রেফতার

চেম্বার ডেস্ক: ঢাকা কলেজের শিক্ষার্থী ও নিউমার্কেটের ব্যবসায়ীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় পুলিশের দায়ের করা মামলায় এক নম্বর আসামি বিএনপির নিউমার্কেট থানার সাবেক সভাপতি মকবুল হোসেনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। শুক্রবার (২২ এপ্রিল) সন্ধ্যায় তাকে নিজ বাসা থেকে গ্রেপ্তার করা হয় বলে জানিয়েছেন গোয়েন্দা বিভাগের যুগ্ম কমিশনার মাহবুব আলম।

তাকে গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করে গোয়েন্দা পুলিশের অতিরিক্ত কমিশনার এ কে এম হাফিজ আক্তার বলেণ, শুক্রবার বিকেলে মকবুল হোসেনকে তার ধানমন্ডির বাসা থেকে গ্রেফতার করা হয়। গ্রেফতারের পর তাকে মিন্টো রোডের ডিবি কার্যালয়ে এনে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

মকবুল হোসেন নিউমার্কেট থানার বিএনপির সাবেক সভাপতি। সংঘর্ষের ঘটনায় পুলিশের কাজে বাধা দেয়া, হমলা ও ভাঙচুরের অভিযোগে পুলিশের একটি মামলা প্রধান আাসামি মকবুল।

এর আগে রাজধানীর নিউমার্কেটে ব্যবসায়ী ও ঢাকা কলেজ শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় পুলিশ বাদী হয়ে দুটি মামলা করে। এরমধ্যে একটি মামলায় মকবুলকে প্রধান আসামি করে আরও ২৪ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত ৩০০ ব্যবসায়ী-কর্মচারীকে আসামি করা হয়। এছাড়া একই মামলা ঢাকা কলেজের ৭০০ জন শিক্ষার্থীকে আসামি করা হয়েছে।

মামলায় যাদের নাম উল্লেখ করা হয়েছে তারা হলেন- অ্যাডভোকেট মকবুল, আমির হোসেন আলমগীর, মিজান, টিপু, হাজি জাহাঙ্গীর হোসেন পাটোয়ারী, হাসান জাহাঙ্গীর মিঠু, হারুন হাওলাদার, শাহ আলম শন্টু, শহিদুল ইসলাম শহিদ, জাপানি ফারুক, মিজান বেপারী, আসিফ, রহমত, সুমন, জসিম, বিল্লাল, হারুন, তোহা, মনির, বাচ্চু, জুলহাস, মিঠু, মিন্টু ও বাবুল।

এ ছাড়া বিস্ফোরক দ্রব্য আইনে দায়ের করা পুলিশের অপর মামলায় অজ্ঞাত ১৫০-২০০ জনকে আসামি করা হয়েছে।

প্রসঙ্গত, ১৭ এপ্রিল রাত ১২টার দিকে ঢাকা কলেজের শিক্ষার্থীদের সঙ্গে নিউমার্কেটের ব্যবসায়ী ও দোকান কর্মীদের সংঘর্ষ শুরু হয়। প্রায় আড়াই ঘণ্টা পর ওই সংঘর্ষ নিয়ন্ত্রণে এলেও পরদিন মঙ্গলবার সকাল ১০টার পর ফের দফায় দফায় সংঘর্ষ শুরু হয়। যা চলে সন্ধ্যা পর্যন্ত। এতে উভয়পক্ষের অর্ধশতাধিক আহত হন। তাদের মধ্যে কয়েকজনের অবস্থা গুরুতর। ইতোমধ্যে মারা গেছেন দুইজন।